গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বড়াইগ্রাম, নাটোর।
food.baraigram.natore.gov.bd

স্মারক নং-১৩.০১.৬৯১৫.০০৪.৫৭.০৪৩.২৪.৯৭

তারিখঃ ২২ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ.
০৫ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি.

# খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ আদেশ

"খাদ্যবান্ধব কর্মসূচির নীতিমালা-২০২৪" এর ৫.১ ধারা ও খাদ্য মন্ত্রণালয়, সরবরাহ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা'র ১৪/১০/২০২৪ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৭ নং স্মারকে পরিপত্রের উল্লিখিত (xi) নং নির্দেশনা এবং ২০/০১/২০২৬ খ্রি. তারিখে উপজেলা খাদ্যবান্ধব কমিটি সভার সিদ্ধান্তের আলোকে গত ২২/০১/২০২৬ তারিখের ১৩.০১.৬৯১৫.০০৪. ৫৭.০৪৩.২৪.৬০ বড়াইগ্রাম উপজেলার ০৩ (তিন) টি ইউনিয়নের ০৩ (তিন) টি বিক্রয় কেন্দ্রে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি জারী করা হয়। খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত আবেদনপত্র গঠিত তদন্ত কমিটি ও উপজেলা খাদ্যবান্ধব কমিটির যাচাই-বাছাই প্রতিবেদনে যোগ্য আবেদনকারীদের মধ্যে একক ভাবে ডিলার নির্বাচিত করা হয়। "খাদ্যবান্ধব কর্মসূচির নীতিমালা-২০২৪" অনুসরণ পূর্বক নিম্নোক্ত "ছক" মোতাবেক বড়াইগ্রাম উপজেলার ০৩ (তিন) টি ইউনিয়নের ০৩ (তিন) টি বিক্রয় কেন্দ্রের নামের পার্শ্বে উল্লেখিত ব্যক্তিগণকে খাদ্যবান্ধব কর্মসূচি ডিলার হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | বিক্রয় কেন্দ্রের নাম ও ঠিকানা | নিয়োগকৃত ডিলারের নাম, পিতার নাম ও ঠিকানা |
|---|---|---|---|
| ১. | বড়াইগ্রাম | বাগডোব বাজার | নাম:- মোছাঃ জুথী খাতুন,<br>পিতা:- মোঃ আব্দুল মজিদ,<br>ঠিকানা:- লক্ষীপুর, ডাকঘরঃ বড়াইগ্রাম,<br>বড়াইগ্রাম ইউপি, বড়াইগ্রাম,নাটোর। |
| ২. | মাঝগাঁও | নুরদহ পিরপাল বাজার | নাম:- মোঃ বেলাল খাঁ,<br>পিতা:- মোঃ আকবর আলী খাঁ,<br>ঠিকানা:- তিরাইল, ডাকঘরঃ আগ্রাণ,<br>মাঝগাঁও ইউপি, বড়াইগ্রাম,নাটোর। |
| ৩. | গোপালপুর | শিবপুর বাজার | নাম:- মোছাঃ নাহিদা খাতুন,<br>পিতা:- মোঃ নবীর হোসেন,<br>ঠিকানা:- পূর্ণকলস, ডাকঘরঃ রাজাপুর-হাট,<br>গোপালপুর ইউপি, বড়াইগ্রাম,নাটোর। |

**শর্তবলী নিম্নরূপঃ**

১. নিয়োগকৃত ডিলারগণকে "খাদ্যবান্ধব কর্মসূচির নীতিমালা-২০২৪" অনুযায়ী =২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরতযোগ্য জামানত পে-অর্ডার আকারে জমা দিতে হবে এবং ডিলারের জন্য নির্ধারিত শর্তাবলী সম্বলিত =৩০০/-(তিনশত) টাকার (পরিবর্তনযোগ্য) নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (পরিশিষ্ট-খ) দিতে হবে;

২. ডিলারগণকে জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নাটোর হতে খাদ্যবান্ধব কর্মসূচির ডিলার লাইসেন্স গ্রহণপূর্বক ছায়ালিপি অত্র দপ্তরে জমা দিতে হবে;

৩. খাদ্যবান্ধব কর্মসূচির ডিলারের মেয়াদ হবে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত। লাইসেন্স প্রতি বছর নবায়ন করতে হবে। লাইসেন্স ইস্যুকারী কর্মকর্তাই লাইসেন্স নবায়ন করবেন;

৪. লাইসেন্স এর মেয়াদ হবে ১ জুলাই থেকে ৩০ জুন পর্যন্ত। ১ জুন থেকে লাইসেন্স নবায়ন শুরু হবে এবং ৩০ জুন শেষ হবে। কোন ডিলার নির্দিষ্ট সময়ে লাইসেন্স নবায়ন করতে ব্যর্থ হলে হলে স্বয়ংক্রিয়ভাবে ডিলারের লাইসেন্স বাতিল হয়ে যাবে;

৫. "খাদ্যবান্ধব কর্মসূচির নীতিমালা-২০২৪" ও অঙ্গীকারনামার কোন শর্ত লঙ্ঘন করলে বা দেশের প্রচলিত কোন আইন অমান্য করলে ডিলারশীপ বাতিল করা যাবে এবং অঙ্গীকারনামার শর্ত মোতাবেক তার নিকট থেকে অর্থ আদায় করা যাবে। এছাড়া তাঁর বিরুদ্ধে ফৌজদারী বা দেওয়ানী মামলা দায়ের করা যাবে;

৬. খাদ্যশস্য আত্মসাৎ বা ঘাটতি হলে অর্থনৈতিক মূল্যের দ্বিগুণ হারে আদায়যোগ্য হবে এবং ডিলারের বিরুদ্ধে ফৌজদারী মামলা দায়ের করা যাবে;

৭. ডিলার পর পর ২ (দুই) মাস নির্ধারিত তারিখের মধ্যে উপর্যুক্ত কারণ ব্যতিত খাদ্যশস্য উত্তোলন করতে ব্যর্থ হলে ডিলারশিপ বাতিল হয়ে যাবে;

৮. প্রাকৃতিক পরিবেশ অনুকূলে থাকলে উপকারভোগীদের চাহিদার প্রেক্ষিতে, প্রয়োজনে খাদ্যবান্ধব কমিটি খাদ্যবান্ধব কর্মসূচির বিতরণ কেন্দ্রের স্থান পরিবর্তন করে খাদ্যশস্য বিক্রয়ের জন্য ডিলারদের নির্দেশনা প্রদান করতে পারবে;

৯. খাদ্য অধিদপ্তর, বন্টন শাখার ১০ জুলাই ২০২৩ তারিখের ১৩.০১.০০০০.০৫২.২০.০০৫.১৭.৪৮৮ নম্বর স্মারকে নির্ধারিত মূল্য ট্রেজারি চালানের মাধ্যমে অর্থ পরিশোধ করে ডিলার খাদ্যগুদাম থেকে খাদ্যশস্য উত্তোলন করবেন। খাদ্যশস্য মূল্য সরকার কর্তৃক সময়ে সময়ে পরিবর্তিত হলে পরিবর্তিত মূল্যে ট্রেজারি চালানের নির্ধারিত খাতে অর্থ জমা প্রদান করে খাদ্যশস্য গুদাম থেকে নির্ধারিত তারিখের মধ্যে খাদ্যশস্যের মান যাচাই ও ওজন বুঝে নিয়ে উত্তোলণ করে বিতরণ কার্যক্রম পরিচালনা করতে হবে;

১০. নির্ধারিত মার্চ, এপ্রিল, আগষ্ট, সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর মাসে সপ্তাহে সোমবার, মঙ্গলবার ও বুধবার চাল বিক্রয় করতে হবে:

১১. গুদাম হতে খাদ্যশস্য উত্তোলনের সাথে সাথে কল করে ট্যাগ অফিসার ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করতে হবে;

১২. উপকারভোগী পরিবারকে মাসের বরাদ্দ ৩০ (ত্রিশ) কেজি চাল এক দফায় প্রদান করতে হবে;

১৩. বিতরণকৃত ও অবিতরণকৃত খাদ্যশস্য মাষ্টাররোল ও হিসাব সংক্রান্ত রেজিষ্টার নির্বাহ করতে হবে;

১৪. বিক্রয় কেন্দ্রের সামনে উপজেলা কমিটি কর্তৃক নির্ধারিত নির্দিষ্ট মাপ এবং রং এ লিখিত সাইনবোর্ড টাঙ্গিয়ে রাখতে হবে;

১৫. বিক্রয় কেন্দ্র সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত চাল বিতরণের খোলা রাখতে হবে;

০৫/০২/২৬

**মোঃ ডালিম কাজী**
**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক**
**ও**
**সদস্য সচিব**
**উপজেলা খাদ্যবান্ধব কমিটি**
**বড়াইগ্রাম, নাটোর।**

স্মারক নং-১৩.০১.৬৯১৫.০০৪.৫৭.০৪৩.২৪.৯৭ (১১) তারিখ:-০৫/০২/২০২৬ খ্রি.

**অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্য-**

১. জেলা প্রশাসক, নাটোর ও সভাপতি জেলা খাদ্যবান্ধব কমিটি, নাটোর।
২. জেলা খাদ্য নিয়ন্ত্রক, নাটোর ও সদস্য সচিব জেলা খাদ্যবান্ধব কমিটি, নাটোর।
৩. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা খাদ্যবান্ধব কমিটি, বড়াইগ্রাম,নাটোর।
৪. উপজেলা ...................... অফিসার ও সদস্য উপজেলা খাদ্যবান্ধব কমিটি, বড়াইগ্রাম,নাটোর।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বনপাড়া এলএসডি, বড়াইগ্রাম, নাটোর।
৬. অফিসার ইনচার্জ, বড়াইগ্রাম থানা/বনপাড়া হাইওয়ে থানা।
৭. চেয়ারম্যান................ (সকল) ইউনিয়ন পরিষদ, বড়াইগ্রাম, নাটোর।
৮. জনাব, মোছাঃ জুথী খাতুন, খাদ্যবান্ধব ডিলার, বিক্রয় কেন্দ্র বাগডোব বাজার, ইউনিয়ন বড়াইগ্রাম।
৯. জনাব, মোঃ বেলাল খাঁ, খাদ্যবান্ধব ডিলার, বিক্রয় কেন্দ্র নুরদহ পিরপাল বাজার, ইউনিয়ন মাঝগাঁও।
১০. জনাব, মোছাঃ নাহিদা খাতুন, খাদ্যবান্ধব ডিলার, বিক্রয় কেন্দ্র শিবপুর বাজার, ইউনিয়ন গোপালপুর।
১১. অফিস কপি।

০৫/০২/২৬

**মোঃ ডালিম কাজী**
**উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,**
**বড়াইগ্রাম,নাটোর।**